১৪) সপ্তাহে একদিন ক্লাসের কোন একটি নির্দিষ্ট সময়ে কাব-স্কাউটদের কার্যক্রম শ্রেণিকক্ষে অবহিত করা;

১৫) ট্রাফিক আইনের সঠিক ব্যবহার এবং মানার বিষয়ে মানুষের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং সচেতনতা সৃষ্টি করা;

১৬) কাব-স্কাউটদের মাধ্যমে জনসাধারণের রাস্তা পারাপার এবং ফুট ওভারব্রিজ ব্যবহারের বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করা;

১৭) গুরুত্বপূর্ণ ট্রাফিক চিহ্ন ও নিয়মাবলী স্কুলে প্রদর্শন নিশ্চিত করা;

১৮) লিফলেটের পাশাপাশি অনলাইনে বাংলাদেশ স্কাউটস এর ইউটিউব চ্যানেল, স্যোশাল মিডিয়া এবং শিক্ষক বাতায়ন/কিশোর বাতায়নে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা;

১৯) উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ে সার্বিক সমন্বয় করবেন;

২০) প্রত্যেক ইউনিয়নের/পৌরসভার জন্য উপজেলা নির্বাহী অফিসার একজন বা একাধিক উপজেলা পর্যায়ের কর্মকর্তাকে ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করবেন;

২১) উপজেলা শিক্ষা অফিসার সকল প্রাথমিক বিদ্যালয়ের সাথে ট্যাগ অফিসারের কার্যক্রম সমন্বয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সহযোগিতা করবেন;

২২) মেট্রোপলিটন এলাকায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এ বিষয়ে সমন্বয়ের দায়িত্ব পালন করবেন;

২৩) মেট্রোপলিটন এলাকায় থানা শিক্ষা অফিসারগণ স্ব স্ব থানা এলাকায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের জন্য ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন;

২৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে নিরবিচ্ছিন্ন যোগাযোগ রক্ষা করে এ কার্যক্রম বাস্তবায়ন করবেন।

২০/৪/২০২৫

(গোপাল চন্দ্র দাস)
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল).......................।
৩. পুলিশ সুপার (সকল).......................।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল).......................।
৫. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল বিভাগ) .......................।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল).......................।
৭. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল).......................।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

